# গাছ্ আমাদের বন্ধু

## প্রকৃতিঃ পরিবেশ-বিষয়ক

### সারমর্ম

গাছ প্রকৃতি ও প্রাণীদের নানাভাবে রক্ষা করে চলেছে। প্রাণীদের বেঁচে থাকার জন্য অত্যন্ত প্রয়োজনীয় অক্সিজেন সরবরাহ করে গাছ। গাছ শুধু আমাদের বন্ধু নয়, প্রকৃত বন্ধু। পরিবেশ ও প্রাণীদের রক্ষা করতে হলে গাছ কাটা বন্ধ করতে হবে ও বৃক্ষরোপণ করতে হবে।

**নির্দেশাবলিঃ গদ্যটা ভালো করে পড়ো।**

এককথায়/পূর্ণ বাক্যে উত্তর দাও:-

১. মহুল কোন মেলায় গিয়েছিল? (নিজে লেখো)

২. মহুল কার সাথে মেলায় গিয়েছিল? (নিজে লেখো)

৩. রথের মেলা কোন ঋতুতে হয়?

উঃ- বর্ষাকালে।

৪. মহুল রথের মেলা থেকে কী কিনতে চেয়েছিল? (নিজে লেখো)

৫. রথের মেলা থেকে মহুলের মা কী কিনে এনেছিলেন? (নিজে লেখো)

৬. রথের মেলা থেকে আনা গাছের চারাগুলি মহুলদের বাগানে কে রোপণ করেছিলেন?(নিজে লেখো)

৭. গাছের খুব সখ কার? (নিজে লেখো)

৮. বাবার কোন কথায় মহুল লজ্জা পেয়েছিল?

উঃ- মহুলের বাবা মহুলকে বলেছিলেন, মহুলের বন্দুক ভালো লাগা মানে, তার কেবল যুদ্ধ,বিবাদ, হানাহানি-এইসব পছন্দের। বাবার কাছ থেকে এইকথা শুনেই মহুল লজ্জা পেয়েছিল।

৯. মহুলের বাবা কীভাবে গাছ লাগাচ্ছিলেন?

উ:- মহুলের বাবা অত্যন্ত যত্ন ও নিষ্ঠার সঙ্গে গাছ লাগাচ্ছিলেন।

৭. গাছের উপকারের কোন কথা মহুল আগেও শুনেছে?

উঃ:- মহুলের বাবা মহুলকে বলেছিলেন, গাছ আমাদের ফুল-ফল দেয়। বৃক্ষ আমাদের ছায়া দেয়, বৃক্ষে অনেক পাখি বাসা বাঁধে। গাছের এইসকল উপকারের কথা মহুল আগেও শুনেছে।

১১. গাছের থেকে কী পেয়ে প্রাণীরা বেঁচে থাকে?

উঃ- অক্সিজেন।

১২. আমরা যে পোশাক পরি, তাতে গাছের ভূমিকা কতখানি?

উঃ- আমরা যে পোশাক পরি, সবই সুতা থেকে তৈরি হয়, আর সুতা হয় তুলা থেকে। সেই তুলাও গাছেই হয় ।

১৩. ওষুধপত্র তৈরি হয় গাছের কোন অংশ থেকে?(নিজে লেখো)

১৪. গাছের কাঠ মানুষের কী প্রয়োজনে লাগে?(নিজে লেখো)

১৫. কাগজ বানানোর জন্য কী কী প্রয়োজন হয়?(নিজে লেখো)

'... অথচ অনেক মানুষ এটা বোঝে না'।

১৬. 'অনেক মানুষ' বলতে কাদের কথা বলা হয়েছে? তারা কী বোঝে না?

উঃ- অনেক মানুষ বলতে বোকা মানুষদের কথা বলা হয়েছে। তারা বোঝে না যে গাছপালা কেটে ধ্বংস করলে, গাছের অভাবে পৃথিবীর ভীষণ ক্ষতি হবে।

১৭. গাছের সঙ্গে পৃথিবীর কোন কোন বিষয়ের গভীর সম্পর্ক?(বই থেকে মূলভাব দেখে নিজে লেখো)

১৮. গাছকে তুমি কী প্রকৃত বন্ধু বলবে?

উঃ- প্রকৃত বন্ধু বলতে বুঝি, যে বন্ধু আমাদের নানাভাবে উপকার করে, বিপদে পড়তে দেয় না এবং আমাদের প্রাণ বাঁচায়। গাছও তেমনি আমাদের নানাভাবে উপকার করে, পরিবেশকে রক্ষা করে আমাদের বিপদে পড়তে দেয় না এবং সর্বদা অক্সিজেন সরবরাহ করে আমাদের প্রাণ বাঁচায়। এই কারণে গাছকে আমি প্রকৃত বন্ধু বলব।

**** বই থেকে শব্দার্থ ও বিপরীত শব্দ পড়বে।**

**** বাক্য রচনা করো:- (নমুনা)**

বিবাদ- বন্ধুদের সঙ্গে অযথা বিবাদ করতে নেই।

নমুনা অনুযায়ী একটি করে বাক্য রচনা করো।

নিষ্ঠা, ধ্বংস, পরিবেশ, রোপণ।

** শূন্যস্থান পূরণ করো।

ক] পরদিন ___ মহুলের বাবা ___ গাছের চারাগুলি রোপণ করছিলেন ___। তাঁর গাছের ___ সখ।

খ] বাবা এ কথায় ___ হেসে ___ বললেন, "তার মানে তোমার ___ যুদ্ধ, ___, হানাহানি ___ পছন্দ?"